

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 “কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও
 যোগাযোগ শক্তিশালীকরণ” প্রকল্প
 কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
 www.ais.gov.bd

স্মারক নং-১২.০৫.০০০০.০১১.১১.০০১.১৮. ৪০০

তারিখ: ১০ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
 ২৪ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি তথ্য সার্ভিস কর্তৃক বাস্তবায়নাধীন কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্পের মেয়াদকালীন সময় পর্যন্ত (জুন ২০২০) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাকুল্য বেতন প্রকল্পে চুক্তিভিত্তিক জনবল নিয়োগ দেয়া হবে। নিম্নোক্ত পদে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম ও শ্রেণি	পদের সংখ্যা	সর্বসাকুল্য	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
০১	গ্রাফিক ডিজাইনার (শ্রেণি-৯)	০১ (এক) জন	৩৫,৬০০/- টাকা	১. অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে (গ্রাফিক ডিজাইন/পেইন্টিং বিভাগ) কমপক্ষে স্নাতক। ২. প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠানে ডেস্কটপ পাবলিশিংয়ে ডিজাইনার হিসেবে কমপক্ষে দুই বছর কাজের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। ৩. প্রার্থীকে অ্যাডবি ফটোশপ, ইলাস্ট্রেটর ও কোয়ার্ক এক্সপ্রেস-এ দক্ষতা থাকতে হবে। এ ছাড়া আর্টওয়ার্ক, প্রিন্ট লেআউট বা ডিজাইন ক্রিয়েটিভ ডিজাইন, মিডিয়া পাবলিকেশনের জন্য অ্যাডভার্টাইজিং লেআউট এবং সংশ্লিষ্ট বিষয়ে সৃজনশীল ধারণা থাকতে হবে।	প্রাথমিক ভাবে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে এক বৎসরের জন্য চুক্তি
০২	ভিডিও ক্যামেরাম্যান (শ্রেণি-১০)	০১ (এক) জন	২৭,১০০/- টাকা	১. কমপক্ষে স্নাতক (বিজ্ঞানে স্নাতক প্রার্থীদের অধাধিকার) ডিগ্রীধারী হতে হবে। ২. প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠান/ইনস্টিটিউট থেকে ভিডিওগ্রাফি সংক্রান্ত ডিপ্লোমা/সার্টিফিকেট কোর্স সম্পন্ন হতে হবে। ৩. ভিডিও ক্যামেরাম্যান হিসেবে স্বনামধন্য কোন বিজ্ঞাপনী সংস্থা/টিভি চ্যানেল ইত্যাদিতে কমপক্ষে দুই বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	ভিত্তিক নিয়োগ। পরবর্তিতে প্রকল্পের মেয়াদ কালীন সময় পর্যন্ত
০৩	অডিও ভিজুয়াল ইউনিট অপারেটর (শ্রেণি-১৪)	০১ (এক) জন	১৮,৬০০/- টাকা	১. স্বীকৃত বোর্ড হতে কমপক্ষে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। ২. মান্টিমিডিয়া সামগ্রী পরিচালনা বিষয়ে অনুমোদিত প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ প্রাপ্ত। ৩. যানবাহন চালনার বৈধ পেশাদার ড্রাইভিং লাইসেন্সধারী (মাঝারী) হতে হবে। মাঝারি ও হালকা উভয় ধরনের যানবাহন চালনার ন্যূনতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।	(এক বৎসর পর পর কর্ম দক্ষতার ভিত্তিতে চুক্তির মেয়াদ
০৪	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (শ্রেণি-১৬)	০২ (দুই) জন	ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য ১৭,০৪৫/- টাকা(সর্বসাকুল্য) চট্টগ্রাম, খুলনা, রাজশাহী,	১. কমপক্ষে এসএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে। ২. সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। ৩. কম্পিউটার টাইপিংয়ে ন্যূনতম ইংরেজিতে ২০ শব্দ/মিনিট ও বাংলায় ১৫ শব্দ/মিনিট গতি সম্পন্ন হতে হবে।	বৃদ্ধি করা যাবে)

		সিলেট, বরিশাল ও রংপুর অঞ্চলের জন্য ১৬,১১৫/- টাকা (সর্বসাকুল্য) এবং অন্যান্য স্থানের জন্য ১৫,৬৫০/- টাকা।		
--	--	--	--	--

শর্তাবলী:


- আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরম পূরণপূর্বক আগামী ২২/০৪/২০১৯ খ্রি: তারিখ বিকাল ৪:০০টার মধ্যে রেজিস্টার্ড ডাকযোগে/কুরিয়ার মারফৎ প্রকল্প পরিচালক বরাবর পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। খালি আবেদন ফরম এর কপি কৃষি তথ্য সার্ভিস এর ওয়েব সাইটে (www.ais.gov.bd) পাওয়া যাবে। খালি আবেদন ফরম এর কপি প্রকল্প দপ্তর হতে অফিস চলকালীন সময়েও সংগ্রহ করা যাবে।
- আবেদন ফরম এর প্রযোজ্য সকল ঘর পূরণ করতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ফরম গ্রহণযোগ্য হবে না।
- আবেদন ফরমের সাথে সম্প্রতি তোলা ০৩ কপি পাসপোর্ট অথবা ৫ সেমি X ৫ সেমি সাইজের ছবি, সকল শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদ, ড্রাইভিং লাইসেন্স ইত্যাদি এর কপি গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- সরকারী বিধি মোতাবেক আবেদনকারীর বয়স ২২/০৪/২০১৯ খ্রি: তারিখে নূন্যতম ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বৎসর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদন করার সময় খামের উপরে বাম পাশে স্পষ্ট অক্ষরে পদের নাম লিখতে হবে।
- প্রত্যেক প্রার্থীকে প্রকল্প পরিচালক, কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্প, এর অনুকূলে ১০০(একশত) টাকা মূল্যের পে অর্ডার/পোস্টাল অর্ডার (অফেরতযোগ্য) আবেদন পত্রের সাথে সংযোজন করতে হবে।
- আবেদনকারীকে নিয়োগ পরীক্ষা/সাক্ষাৎকারে অংশ নেওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রকল্প মেয়াদ শেষে চুক্তিপত্রই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।
- কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন, পরিবর্তন এবং অনিবার্য কারণবশতঃ নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

R


(ড. মোঃ সাইফুল ইসলাম)

প্রকল্প পরিচালক

যোগাযোগ: ৫৫০২৮২২১০


২৫/০৬/১৯

O/C